

বিজ্ঞপ্তি নং -ফায়ার এ্যান্ড সেফটি/১১৭/২০২৩

তারিখ :- ১৫ মে, ২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য


বিষয় : কারখানায় অগ্নি নির্বাপন মহড়া (Fire Drill) পরিচালনাকাজে সহযোগিতা প্রদান প্রসঙ্গে ।

প্রিয় মহোদয়,

আপনারা অবগত আছেন যে, পোশাক শিল্প কারখানায় কর্মরত শ্রমিক-কর্মচারীদের অগ্নি নিরাপত্তা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য বিজিএমইএ'র ফায়ার সেফটি সেল এবং কমপ্লায়েন্স সেল নিয়মিত কারখানা পরিদর্শনের পাশাপাশি কারখানায় অগ্নি নির্বাপন মহড়া পরিচালনা করে আসছে। কারখানায় অগ্নি দূর্ঘটনা বা অন্য কোন দূর্ঘটনা সংঘটিত হলে শ্রমিক-কর্মচারীগণ তাড়াহুড়ো করে নীচে নামতে গিয়ে অনেক সময় হতাহত হয়ে থাকে। অদ্যাবধি সংঘটিত অগ্নি দূর্ঘটনায় অধিকাংশ হতাহতের ঘটনা ঘটেছে কারখানা থেকে দ্রুত নীচে নামতে গিয়ে পদদলিত হয়ে। কর্মরত শ্রমিক কর্মচারীদের নিয়মিত অগ্নি নির্বাপন ও বহির্গমন মহড়া পরিচালনা করা হলে তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাবে এবং পদদলিত হবার ঝুঁকি হ্রাস পাবে। উল্লেখ্য যে, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা-৬২(৮) এ বছরে অন্ততঃ দুইবার কারখানায় অগ্নিনির্বাপন মহড়া (Fire Drill) আয়োজন এবং বিধি দ্বারা নির্ধারিত পন্থায় রেকর্ডবুক সংরক্ষণ করার বিধান রয়েছে। তদুপরি শ্রমিক কর্মচারীদের অধিকতর সচেতনতা বৃদ্ধির জন্য প্রতিমাসে অন্ততঃ একবার নিজেরা অথবা বিজিএমইএ'র প্রতিনিধির উপস্থিতিতে মহড়া পরিচালনা করার জন্য বিজিএমইএ তাগিদ দিয়ে থাকে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক কারখানা কর্তৃপক্ষ তাদের কারখানায় নিয়মিত মহড়া পরিচালনা করছেন না, এমনকি বিজিএমইএ'র টিম মহড়া পরিচালনা করতে গেলেও তাদেরকে মহড়া পরিচালনা কাজে সহযোগিতা করা হচ্ছে না।

এমতাবস্থায়, কারখানায় কর্মরত শ্রমিক কর্মচারীদের জীবনের নিরাপত্তার কথা বিবেচনা করে বাংলাদেশ শ্রম আইন অনুযায়ী এবং বিজিএমইএ'র ফায়ার সেফটি ও কমপ্লায়েন্স সেলের টিম কারখানায় উপস্থিত হলে তাদের মাধ্যমে অগ্নিনির্বাপন মহড়া (Fire Drill) পরিচালনা করার ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান
মহাসচিব।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •